কলকাতা, শিলিগুড়ি ও পোর্ট ব্লেয়ার থেকে একযোগে প্রকাশিত

আর্থিক লিপি

www.facebook.com/arthiklipiepaper | Siliguri Office : Ph : 0353-2521544, Fax : 0353-2521545, E-mail : lipi.siliguri2015@gmail.com | ৮ পাতা | ₹ 3

Vol - XIII, ISSUE - 94 | শিলিগুড়ি ● রবিবার ● ১৭ চৈত্র, ১৪২৪ ● ১ এপ্রিল, ২০১৮ ● SILIGURI ● SUNDAY ● APRIL 1, 2018

নীতীশের হুঙ্কার

প্রয়োজনে গদি ছাড়ব কিন্তু সাম্প্রদায়িকতার সঙ্গে আপস করব না। এইভাবে বিজেপিকে চরম হুঁশিয়ারি দিলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। তিনি জানিয়েছেন, জোটে থাকলেও বিহারে ২০০২ সালের গুজরাত ফর্মুলা প্রয়োগ করতে দেবেন না।

মোদীর শুভেচ্ছা

হনুমান জয়ন্তী উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানালেন। ট্যুইটারে নিজের শুভেচ্ছা বার্তা পোস্ট করেন তিনি। বজরংবলীর জন্মজয়ন্তী হনুমান জয়ন্তী হিসেবে পালন করা হয়।

১ মে থেকে পঞ্চায়েত নির্বাচন

তিন দফায় ভোট ● গণনা ৮ মে

রাজ্য নির্বাচন কমিশনে সাংবাদিক সম্মেলনে করে পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করছেন নির্বাচন কমিশনার অমরেন্দ্র কুমার সিং। ছবি-অরিজিৎ গাঙ্গুলী।

স্টাফ রিপোর্টার : রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের চূড়ান্ত দিন ঘোষণা করল রাজ্য নির্বাচন কমিশন। শনিবার রাজ্য নির্বাচন কমিশন দফতরে সাংবাদিক সম্মেলন করে পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করলেন রাজ্য নির্বাচন কমিশনার অমরেন্দ্র কুমার সিং। আগামী ১, ৩, ৫ মে এই তিন দফায় মোট ২২ টি জেলার মধ্যে ২০টি জেলায় ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন সংঘঠিত হবে। দার্জিলিং ও কালিম্পঙে ভোটের দিন ঘোষণা করেনি কমিশন। উল্লেখ্য, এই দিন ঘোষণার সঙ্গে সঙ্গে চালু হয়ে গেল আদর্শ নির্বাচনী আচরণবিধি। এ কথা জানিয়েছেন রাজ্য নির্বাচন কমিশনার অমরেন্দ্র কুমার সিং। কমিশন জানিয়েছে, রাজ্যের মোট ৪৮,৬৫৬টি গ্রাম পঞ্চায়েত আসন, ৯,২১৭টি পঞ্চায়েত সমিতি ও ৮২৫টি জেলা পরিষদ আসনে ভোটগ্রহণ হবে। মোট ভোটারের সংখ্যা ৫.০৮ কোটি। ২ এপ্রিল পঞ্চায়েত ভোটের জন্য বিজ্ঞপ্তি জারি করা হবে। এরপর ৯ এপ্রিল পর্যন্ত মনোনয়ন জমা দিতে পারবেন প্রার্থীরা। মনোনয়ন প্রত্যাহারের শেষদিন ১৬ এপ্রিল। এদিনের সাংবাদিক সম্মেলনে জানানো হয়েছে, প্রথম দফায় অর্থাৎ ১ মে ভোটগ্রহণ করা হবে ১২টি জেলায়। দ্বিতীয় দফা অর্থাৎ ৩ মে ভোটগ্রহণ হবে দুটি জেলায়। বাদবাকি ৬টি জেলায় নির্বাচন হবে ৫ মে। এ ছাড়াও এদিনের সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনার এ কে সিং জানিয়েছেন, কোনও আসনে পুনর্নির্বাচনের প্রয়োজন হলে সেই সমস্ত আসনগুলিতে ভোট নেওয়া হবে ৩, ৫ ও ৭ মে। এদিন দুপুরে মুখ্য সচিবের সঙ্গে বৈঠকে বসে কমিশন। ওই বৈঠকেই চূড়ান্ত হয় পঞ্চায়েত নির্বাচনের নির্ঘন্ট। উল্লেখ্য, রাজ্য সরকার জানিয়েছিল, তারা রমজানের আগে ভোট করতে আগ্রহী। সেই মর্মেই তিন দফায় ভোট করতে চেয়ে কমিশনকে চিঠি দেয় রাজ্য।

রাজ্যে যে যে জায়গায় পঞ্চায়েত ভোট হবে সেই সমস্ত জায়গায় শনিবার থেকে শুরু হয়ে গেল আদর্শ আচরণ বিধি। প্রথম দফায় অর্থাৎ ভোটগ্রহণ করা হবে নদিয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি, ঝাড়গ্রাম, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পুরুলিয়া ও বাঁকুড়া। দ্বিতীয় দফায় ভোটগ্রহণ হবে শুধুমাত্র মুর্শিদাবাদ এবং বীরভূম জেলায়। সবশেষে তৃতীয় দফায় উত্তরবঙ্গের দার্জিলিং এবং কালিম্পঙকে বাদ দিয়ে সব জেলায় ভোটগ্রহণ করা হবে। ২০১৩ সালে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল ৫ দফায়। ২০১৮ সালে ভোটগ্রহণ করা হচ্ছে ৩ দফায়। পাশাপাশি প্রায় ২ মাসের মতো সময় এগিয়ে আনা হয়েছে। ২০১৩ সালে পঞ্চায়েত নির্বাচন শুরু হয়েছিল ১১ জুলাই থেকে।

শুধুমাত্র বিজেপি বাদ দিয়ে তৃণমূল, বাম, কংগ্রেসের প্রতিনিধিরা জানিয়েছেন, মে মাসে ভোট হলে তাদের কোনও আপত্তি নেই। যদিও শনিবারে সংবাদিক সম্মেলনে সাংবাদিকরা রাজ্য নির্বাচন কমিশনকে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে প্রশ্ন করলে তার কোনও পরিষ্কার জবাব দেননি রাজ্য নির্বাচন কমিশনার। রাজনৈতিক মহলের বক্তব্য, ২০১৩ সালের নির্বাচনে বিভিন্ন দলের কয়েকজন কর্মী খুন হন। তাই নিরাপত্তার বিষয়টি যেন সুনিশ্চিত করে কমিশন। অন্যদিকে, ২০১৩ পঞ্চায়েত নির্বাচনে তৃণমূল নিজেদের দখলে রেখেছিল ১৩টি জেলা পরিষদ। বামফ্রন্ট একটিও জেলা পরিষদে জয়লাভ করতে পারেনি। পরবর্তীকালে অবশ্য রাজনৈতিক দলবদলের জন্য বেশ কয়েকটি জেলা পরিষদ তৃণমূলের দখলে চলে আসে। এদিনের পঞ্চায়েত নির্বাচনের নির্ঘন্ট প্রকাশের সঙ্গে সঙ্গে শুরু হয়ে গেল বিভিন্ন রাজনৈতিক দলগুলির প্রচারের লড়াই। যদিও শাসকদল তৃণমূল বিগত ৫ বছরের উন্নয়নকে হাতিয়ার করেই লড়াই করতে চাইছে নির্বাচনে।

পঞ্চায়েতের নির্ঘণ্ট

- ২ এপ্রিল পঞ্চায়েত ভোটের বিজ্ঞপ্তি জারি।
- ৯ এপ্রিল মনোনয়ন জমা করার শেষ দিন।
- ১৬ এপ্রিল মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন।
- ৮ মে ফল ঘোষণা।

১, ৩, ৫ মে তিন দফায় নির্বাচন

- ১ মে প্রথম দফা।

নদিয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম।

- ৩ মে দ্বিতীয় দফা।

মুর্শিদাবাদ, বীরভূম।

- ৫ মে তৃতীয় দফা।

কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, উত্তর ও দক্ষিণ দিনাজপুর ও মালদহ।

- মোট ২০টি জেলায় নির্বাচন হবে।
- ৪৮,৬৫৬টি জেলা পরিষদ।
- ৯,২১৭ পঞ্চায়েত সমিতি।
- ৮২৫ জেলা পরিষদ।
- ৫৮,৪৬৭টি ভোট কেন্দ্র।
- ৫ কোটি ৮ লক্ষ মোট ভোটার।

প্রশাসনের উদ্যোগে প্রতিবন্ধকতার বিরুদ্ধে লড়াই

জেলা পুলিশ এবং প্রশাসনের দুই শীর্ষ কর্তার অভিভাবকত্বে আরোগ্য যাত্রা শুরু হল হবিবপুর ব্লকের দুই শিশুর। দারিদ্র্যের সঙ্গে যুঝে চলা ওই দুই পরিবারের সদস্যরাও মুগ্ধ পুলিশ ও সাধারণ প্রশাসনের এই আন্তরিক মানবিকতায়।

সম্প্রতি হবিবপুর ব্লকে রাজ্য সরকারের বেশ কিছু প্রকল্প প্রদানের জন্য কানতুরকা গ্রাম পঞ্চায়েত এলাকায় পৌঁছে গিয়েছিলেন জেলাশাসক কৌশিক ভট্টাচার্য এবং পুলিশ সুপার অর্ণব ঘোষ। হবিবপুরের বেশ কিছু প্রত্যন্ত গ্রামে পৌঁছে যান তারা। সেখানেই হঠাৎ করে পুলিশ সুপার অর্ণব ঘোষের নজর পরে বেলডাঙ্গা গ্রামের দুই শিশু জয় সাহা এবং রঞ্জিত সরকারের ওপরে। শারীরিক প্রতিবন্ধকতার সঙ্গে রীতিমতো লড়াই চালাচ্ছিল দরিদ্র পরিবারের ওই দুই শিশু। একজনের মাথায় টুমার আরেকজন অস্থি সংক্রান্ত গুরুতর সমস্যার শিকার। দুজনেরই বয়েস দশের কোঠায়। সঙ্গে সঙ্গে স্থানীয় পুলিশের মাধ্যমে ওই দুই শিশুর পরিবারের সদস্যদের ডেকে পাঠান পুলিশ সুপার। কথা বলে জানতে পারেন দুই শিশুই শারীরিকভাবে যথেষ্ট প্রতিবন্ধকতার শিকার। সরকারি প্রকল্প প্রদানের ওই শিবিরে তখন হাজির অতিরিক্ত জেলাশাসক (সাধারণ) আর বিমলা, হবিবপুরের বিডিও রেণুকা খাতুন সহ হবিবপুর থানার আধিকারিকরা।

জয় এবং রঞ্জিতের চিকিৎসার জন্য কি কি করা যায় তা নিয়ে দ্রুত আলোচনা সেরে নেন জেলাশাসক এবং পুলিশ সুপার। দুই শিশুর পরিবারকেই আশ্বাস দেওয়া হয় যা যা প্রয়োজন সব রকম সাহায্য করা হবে তাদের।

এরপর শুক্রবার সকালেই হবিবপুর থানার গাড়ি জয় এবং রঞ্জিতকে নিয়ে আসে মালদহে। তাদের চিকিৎসার সম্পূর্ণ ব্যবস্থা করা হয় মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে। তাদের হাতে চকোলেট সহ বেশ কিছু খেলনা তুলে দেন জেলা পুলিশ এবং প্রশাসনের দুই শীর্ষ কর্তা।

ইংরেজবাজার থানার ইন্সপেক্টর-ইন-চার্জ পূর্ণেন্দু কুণ্ডুর হাত ধরে দুই শিশুকে পাঠানো হয় মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে। সেখানে এক্স-রে, সি টি স্ক্যান সহ ছয় রকমের পরীক্ষা হয় জয় এবং রঞ্জিতের। আপাতত বাড়ি ফিরে গেছে তারা। পুলিশ সুপার অর্ণব ঘোষ বলেন, অপরাধ নির্মূল করার পাশাপাশি পুলিশের সামাজিক দায়িত্ব আছে। আমরা সেই দায়িত্ব পালন করছি শুধু। পুলিশ সমাজবন্ধু হিসাবে পাশে আছে নাগরিকদের। জয় এবং রঞ্জিতের সব রকম চিকিৎসা চলবে। আমাদের লক্ষ্য তাদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে দেওয়া। জেলাশাসক কৌশিক ভট্টাচার্য বলেন, আমরা মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিৎসকদের অনুরোধ করেছি ওই দুই শিশুর রোগ নির্ণয় করে তাদের যথাসম্ভব সুস্থ করে তোলার জন্য। তেমন প্রয়োজন হলে বিশেষ চিকিৎসার ব্যবস্থা করা হবে ওদের জন্য। পাশাপাশি, রাজ্য সরকারের প্রতিবন্ধী শিশু কল্যাণ তহবিল থেকে ওই দুই শিশুকে আর কি কি সাহায্য করা যায় তাও খতিয়ে দেখছি আমরা। জয়ের বাবা প্রদীপ সাহা কৃষিকাজ করে দিন গুজরান করেন। রঞ্জিতের বাবা সঞ্জীব সরকার ভিন রাজ্যে শ্রমিকের কাজ করেন। এদিন দুই শিশুর সঙ্গে ছিলেন তাদের মা ও বাবা। পুলিশ এবং প্রশাসনের এই মানবিকতায় মুগ্ধ তারাও। প্রদীপ সাহার বক্তব্য কখনও ভাবিনি ছেলের এই দুরারোগ্য ব্যাধির চিকিৎসা করাতে পারবে। পুলিশ এবং প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা জানানোর ভাষা নেই।

নিজেদের রামভক্তের সঙ্গে তুলনা করে তৃণমূলকে কটাক্ষ দিলীপ ঘোষের

শিলিগুড়ি, ৩১ মার্চ : 'আমরা রামভক্ত। কেউ আমাদের হনুমান বললে আপত্তি নেই। যারা নিজেদের হনুমান বলে মানে না, রামকে মানে না, তারা দেখনদারি করছে। এটা নিন্দনীয় ও পাপ কাজ।' শনিবার শিলিগুড়িতে দলীয় এক প্রস্তুতি সভায় একথা বলেন রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ। পাশাপাশি এদিন তৃণমূল কংগ্রেসকেও বিঁধতে ছাড়েননি রাজ্য বিজেপি সভাপতি। তৃণমূল কংগ্রেসকে কটাক্ষ করে তার বক্তব্য, 'আমরা সোনার লঙ্কা বানাচ্ছি। কে পোড়াচ্ছে তা দেখাই যাচ্ছে।' তার দাবি রাজ্যে বর্তমান সরকারের আমলে দুষ্কৃতীদের দাপট বেড়েছে। উল্লেখ্য, দিন কয়েক আগেই রাজ্যজুড়ে রাম নবমী পালনকে কেন্দ্র করে তৃণমূল-বিজেপি'র মধ্যে টক্কর দেখা গেছে। অশান্তির ঘটনাও ঘটেছে রাজ্যের কিছু জায়গায়। আসানসোল ও রানিগঞ্জের পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্যপালের সেখানে যাওয়ার সিদ্ধান্তকেও স্বাগত জানিয়েছেন দিলীপবাবু।

ইসলামপুরে কেন্দ্রীয় মন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, রায়গঞ্জ : শনিবার উত্তর দিনাজপুর জেলার ইসলামপুরে স্থানীয় বিজেপি নেতৃত্বের সঙ্গে বৈঠক করেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা। এদিন ইসলামপুরে বিজেপির সংগঠন দেখে খুশি হন এই কেন্দ্রীয় মন্ত্রী। ইসলামপুর সার্কিট হাউসে বৈঠক করেন জেলা বিজেপি নেতৃত্বের সঙ্গে। তার আশা এধরনের সংগঠন থাকলে আগামী দিনে ভালো জায়গায় পৌঁছবে বিজেপি।

মালদ্বীপে নিষিদ্ধ ইউরোপের বিমান পরিষেবা

মাল, ৩১ মার্চ: মালদ্বীপের আব্দুল্লা ইয়ামেন সরকারের বিরুদ্ধে কঠিন শাস্তিমূলক ব্যবস্থার নিচ্ছে ইউরোপের বেশিরভাগ বিমান সংস্থা। গণতন্ত্র না ফিরলে সেদেশের বিমান পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে বিমান সংস্থাগুলি। মালদ্বীপ ও শ্রীলঙ্কায় কর্তব্যরত জার্মান রাষ্ট্রদূত ট্যুইট করে জানিয়েছেন, এই বিশ্বে মালদ্বীপগামী বহু ইউরোপীয় বিমান সংস্থা তাদের বিমান পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। কারণ সেদেশের নাগরিকরা এখনও গণতন্ত্র ফিরে পাননি। অন্যায়ভাবে জেলে পচতে হচ্ছে সাধারণ মানুষ থেকে সেদেশের রাজনৈতিক ব্যক্তিদের। এ ছাড়াও রয়েছে তীব্র অর্থনৈতিক সমস্যা। ভারতের তরফেও দাবি করা হয়েছে, অবিলম্বে যেন স্বাভাবিক অবস্থা ফেরানো হয় মালদ্বীপে।

বৃষ্টিতে ভিজে কমল আলুর দাম

নিজস্ব প্রতিনিধি, মালদহ : শুক্রবারের ঝড়-বৃষ্টির দাপটে মালদহে পড়ে গেল আলুর দাম। শনিবার সকাল থেকেই আলমপুর হাট লালে লাল। শুক্রবারের ঝড়-বৃষ্টির জেরে জমিতে রাখা আলু ভিজে যায়।

শনিবার সেই আলুই আলমপুর হাটে বিক্রির উদ্দেশে নিয়ে আসেন চাষিরা। দিনে দুয়েক আগেও যেখানে আলুর দাম ছিল ক্যুইন্ট্যাল প্রতি ৬০০ টাকা।

এদিন সেই আলুর দামই ঘোরাফেরা করেছে ৫০০ থেকে ৫৫০ প্রতি ক্যুইন্ট্যাল। উপায় না থাকায় কম দামেই তারা হাটে আলু বেচছেন বলে জানিয়েছেন আলু চাষিরা। অন্যথায় বৃষ্টির জলে ভিজে আলুর পচে যাওয়ার সম্ভাবনা প্রচুর।

মালদহের যেসব ব্লকে বেশি পরিমাণে আলু চাষ হয় তার মধ্যে অন্যতম গাজোল ব্লক। কৃষি দফতর সূত্রে জানা গেছে এবছর ব্লকের ৪২৬৫ হেক্টর জমিতে আলু চাষ হয়েছে।

হেক্টর প্রতি উৎপাদনের পরিমাণ প্রায় ৪৫০ ক্যুইন্ট্যাল।

মধ্যরাতে আলিপুরদুয়ারে অগ্নিকাণ্ড

আলিপুরদুয়ার , ৩১ মার্চ : শুক্রবার রাত ২ টো নাগাদ আলিপুরদুয়ার শহরের বাটা মোড়ের কাছে এক কাপড়ের গুদামে আগুন লাগে। পরে সেই আগুন ছড়িয়ে পড়ে আশপাশের বেশ কয়েকটি দোকানে। খবর পেয়ে দমকলের তিনটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। যদিও আগুন নিয়ন্ত্রণে আনতে যথেষ্ট বেগ পেতে হয় দমকল বাহিনীকে। প্রাথমিক অনুমান শর্ট সার্কিট থেকেই আগুন লেগেছে। আলিপুরদুয়ার ব্যবসায়ী সমিতির সম্পাদক পরিতোষ সাহা জানিয়েছেন, কয়েক কোটি টাকার ক্ষতি হয়েছে। প্রশাসনের কাছে ক্ষতিপূরণের দাবি করেছেন তিনি।

বাস-ট্রাকের মুখোমুখি সংঘর্ষে আহত ৫০

নিজস্ব প্রতিনিধি, মালদহ : শনিবার মালদহের ইংরেজবাজার থানার যদুপুরে ৩৪ নং জাতীয় সড়কে সকালে বাসের সঙ্গে ট্রাকের মুখোমুখি সংঘর্ষে আহত হলেন ৫০ জন।

সংঘর্ষের পর বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে একটি বিদ্যুতের পোস্টে ধাক্কা মারে। এর জেরে বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটে এলাকায়।

স্থানীয় সূত্রে জানা গেছে, আসানসোলের একটি টুরিস্ট বাস জাতীয় সড়ক ধরে শিলিগুড়ির দিকে যাচ্ছিল।

সকাল সাড়ে ৬টা নাগাদ উল্টো দিক থেকে আসা একটি ট্রাকের সঙ্গে বাসটির মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনার পর স্থানীয়রাই ছুটে এসে যাত্রীদের উদ্ধার করেন। তবে কোনও যাত্রীর আঘাত গুরুতর নয় বলেই জানা গেছে। ঘটনার পর ট্রাক সহ ট্রাক চালক পলাতক বলে জানা গেছে।

কালিয়াগঞ্জে কৃষি জমির পাট্টা প্রদান ৩৪ জনকে

নিজস্ব প্রতিনিধি, মালদহ : দুঃস্থ মানুষদের জন্য শনিবার দুপুরে উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ ব্লক ভূমি ও ভূমি সংস্কার দফতর ও কালিয়াগঞ্জ পঞ্চায়েত সমিতির উদ্যোগে কৃষি জমির পাট্টা বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিন কালিয়াগঞ্জের ৮টি অঞ্চলের ৩৪ জনের হাতে কৃষি জমির পাট্টা তুলে দেওয়া হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কালিয়াগঞ্জের বিডিও মহম্মদ জাকারিয়া, পঞ্চায়েত সমিতির সভাপতি নিতাই বৈশ্য, উপসভাপতি রুস্তম আলি, ভূমি সংস্কার দফতরের আধিকারিক বিদ্যুৎ কুমার মাঝি প্রমুখ।